দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 OCT 2007
পৃষ্ঠা ৩ কলাম ৫



রাষ্ট্রপতি প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ গতকাল মঙ্গলবার ঢাকায় বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অলটারনেটিভের (ইউওডিএ) সমাবর্তন অনুষ্ঠানে উপাচার্যকে ক্রেস্ট প্রদান করেন —পিআইডি

*ইউওডিএ সমাবর্তন*

# জ্ঞানভিত্তিক সমাজ গড়তে রাষ্ট্রপতির আহবান

বাসস ॥ রাষ্ট্রপতি প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ জ্ঞানভিত্তিক সমাজ গড়তে প্রাথমিক থেকে উচ্চ পর্যায় পর্যন্ত মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করার আহবান জানিয়েছেন। প্রফেসর ইয়াজউদ্দিন গতকাল মঙ্গলবার সকালে রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অল্টারনেটিভস (ইউওডিএ)-এর প্রথম সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির ভাষণ দিচ্ছিলেন।

রাষ্ট্রপতি বাংলাদেশকে সম্ভাবনা ও সম্পদের দেশ হিসেবে উল্লেখ করে বলেন, দেশকে আরো সমৃদ্ধশালী করতে এ সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। এজন্য দক্ষ ও শিক্ষিত মানব সম্পদ প্রয়োজন। তিনি বিশ্ববিদ্যালয়কে মুক্ত চিন্তার কেন্দ্র এবং পাণ্ডিত্যের আবাস উল্লেখ করে আরো বলেন, বিশ্ববিদ্যালয়ই মানবিক মূল্যবোধের বিকাশ এবং [illegible] জ্ঞানসম্পন্ন আগামী প্রজন্ম সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। তিনি আশা করেন যে, বিশ্ববিদ্যালয়গুলো আলোকিত সমাজ প্রতিষ্ঠায় যথাযথ ভূমিকা পালন করবে। রাষ্ট্রপতি প্রতিযোগিতামূলক বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলার উপযোগী নাগরিক তৈরিতে ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অল্টারনেটিভ-এর ভূমিকার প্রশংসা করেন। ব্যবসা প্রশাসন থেকে সঙ্গীত, চারুকলা এবং মলিকুলার মেডিসিনসহ বিভিন্ন নতুন বিষয়ে ডিগ্রি কোর্স চালুর কথাও বিশেষভাবে উল্লেখ করেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ইউওডিএ'র উপাচার্য প্রফেসর ড. এমাজউদ্দিন আহমেদ এবং সমাবর্তন বক্তা জাপানের কোবে গাকিন বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রেসিডেন্ট প্রফেসর হিরোয়িকি তানিগেচি বক্তৃতা করেন।